তারিখ ...
পৃষ্ঠা ...১০... কলাম ...৭...

ভোরের কাগজ

কর্মশালায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

# লিথো কোডের মাধ্যমে পরীক্ষার গোপনীয়তা রক্ষা করা হবে

কাগজ প্রতিবেদক : জাতীয় বিশ্ববিদ্যালয়ে এখন থেকে লিথো কোড পদ্ধতি ব্যবহার করে পরীক্ষার গোপনীয়তা রক্ষা করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য সম্প্রতি এক কর্মশালায় এ তথ্য জানিয়েছেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শংকর মিলনায়তনে গত বুধবার অনুষ্ঠিত 'শিক্ষা কার্যক্রম ও শিক্ষার মান উন্নয়ন' বিষয়ক এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত নেত্রকোনা, কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর, টাঙ্গাইল অঞ্চলের ৫৮টি কলেজের অধ্যক্ষ অথবা অধ্যক্ষের প্রতিনিধিরা অংশ নেন।

কর্মশালায় অংশগ্রহণকারী অধ্যক্ষের উদ্দেশে উপাচার্য বলেন, 'পরীক্ষার খাতা মূল্যায়নকারীদের পারিশ্রমিক তাৎক্ষণিকভাবে পরিশোধের সুবিধার্থে পরীক্ষার খাতা নেওয়ার সঙ্গে সঙ্গে পরীক্ষকদের কাছ থেকে বিল গ্রহণ করা হবে এবং পরীক্ষা শেষে বিল পরিশোধের ব্যবস্থা নেওয়া হবে।'

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের মাধ্যমে কারিগরি শিক্ষায় দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য কলেজের ভৌত অবকাঠামো দূর করতে সরকারের সহযোগিতা কামনা করেন।